

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের (Stakeholders) সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	বেগম জেবুন্নেছা করিম অতিরিক্ত সচিব (প্রশাসন) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখঃ	২৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ
সময়ঃ	সকাল ১১.৩০ ঘটিকায়

মতবিনিময় সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের (Stakeholders) সঙ্গে মতবিনিময় সভায় উপস্থিত অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও বিভিন্ন শিল্প সেক্টরের মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষের প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয় ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) আলোচ্যসূচি অনুযায়ী সভার তথ্যাদি উপস্থাপন করেন।


২। সভাপতি বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা করে প্রান্তিক জনসাধারণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার লক্ষ্যে বর্তমান সরকার নিরলস কাজ করে যাচ্ছে। শ্রমিক অধিকার সুরক্ষার লক্ষ্যে এ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহ কার্যক্রম পরিচালনা করছে। শ্রমিক অধিকার সুরক্ষার লক্ষ্যে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট আইন, নীতিমালা, বিধিমালা প্রণয়নসহ সময়ে সময়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়।

৩। সভায় উপস্থিত অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও শিল্প সেক্টরের মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষের প্রতিনিধিদের নিকট হতে তাঁদের কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত চলমান কার্যক্রম জানতে চাওয়া হলে উক্ত সদস্যগণ স্ব স্ব প্রতিষ্ঠানের চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এবং এ বিষয়ে তাদের সুচিন্তিত মতামত উপস্থাপন করেন। জনাব আব্দুস সালাম জমাদ্দার, ম্যানেজার (কমপ্লায়েন্স), সনোটেক্স আউটারওয়্যার লিমিটেড সভায় বলেন, শ্রমিকরা তাদের অধিকার জানলে কাজের সুবিধা হয় এবং মালিকপক্ষ শ্রমিকদের যথাসময়ে ন্যায্য অধিকার প্রদান করলে সম্পর্কের উন্নতি হয়। ট্যানারি ওয়ার্কাস ইউনিয়নের জেনারেল সেক্রেটারী, জনাব আব্দুল মালেক সভায় বলেন, মালিক-শ্রমিক ঐক্য থাকলে কোন অসন্তোষ বিরাজ করে না। তিনি আরও বলেন, ট্যানারি শিল্প ৭০ বছরের পুরাতন শিল্প। জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক, সিনিয়র এক্সিকিউটিভ (কমপ্লায়েন্স), ফ্যাশন ফোরাম লিমিটেড সভায় জানান, মালিকপক্ষ সরাসরি শ্রমিকদের সমস্যা জানলে তা সমাধান করতে সহজ হয় এবং উভয় সম্পর্ক ভালো হয়। জনাব মোঃ কবির হোসেন, জেনারেল সেক্রেটারী, বাংলাদেশ পোশাক শ্রমিক ট্রেড ইউনিয়ন ফেডারেশন সভায় জানান, প্রত্যেক ফ্যাক্টরিতে ট্রেড ইউনিয়ন গঠন করলে ভালো হয় এবং সময়ের সাথে প্রয়োজনের তাগিদে যুগোপযোগী করা দরকার। কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের নারায়ণগঞ্জ কার্যালয়ের উপ-মহাপরিদর্শক সৌমেন বড়ুয়া এবং শিল্পসম্পর্ক শিক্ষায়তন, টঞ্জীর উপ-পরিচালক মোছাঃ

আফিফা বেগম সভায় জানান, কলকারখানার মালিকগণ শ্রমিকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করলে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের কর্মকর্তাদের রিসোর্স পারসন হিসেবে অন্তর্ভুক্তির জন্য অভিমত ব্যক্ত করেন। সভাপতি বলেন, অসুস্থ, মৃত্যু শ্রমিক ও তাদের পরিবারের সদস্যগণ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে এবং পোশাক শিল্পে কর্মরত শ্রমিকগণ কেন্দ্রীয় তহবিল হতে আর্থিক গ্রহণ করতে পারে। তিনি আরও বলেন, সিটিজেন চার্টার অনুযায়ী স্ব স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থা সেবাগ্রহীতাদের প্রত্যাশানুযায়ী সেবা প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) সিটিজেন চার্টার অনুযায়ী স্ব স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থা সেবাগ্রহীতাদের সেবা প্রদান করতে হবে;
- (২) যথাসম্ভব স্বাস্থ্যবিধি মেনে প্রত্যেক কারখানার মালিকদের শ্রমিকদের নিয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং উক্ত প্রশিক্ষণে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের কর্মকর্তাদের রিসোর্স পারসন হিসেবে অন্তর্ভুক্তসহ শ্রমিকদের শ্রম আইন ও নিম্নতম মজুরী সম্পর্কে অবহিত করা;
- (৩) শ্রম অধিদপ্তরের আওতাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI)-সহ সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রশিক্ষণ প্রদানকালে সকল সেক্টরের প্রতিনিধিদের/শ্রমিকদের অন্তর্ভুক্ত করতে হবে;
- (৪) অধিদপ্তর/দপ্তর/সংস্থার উত্তম চর্চাসমূহ যথাযথ বাস্তবায়ন করতে হবে; এবং
- (৫) পরিদর্শনের সময়ে শ্রম আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৪। পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির (APA) সংশ্লিষ্ট অংশ ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



বেগম জেবুন্নেছা করিম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৩০/০৪/২০২১